

কালের কণ্ঠ

আপডেট : ২৫ ডিসেম্বর, ২০২২ ০১:৪২

এসএসসির ফল পুনর্নিরীক্ষণ

ফেল থেকে পাস ১৫৫ শিক্ষার্থী

কুমিল্লা শিক্ষা বোর্ড

নতুন করে জিপিএ-৫

পেল ৩৭ জন

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে চলতি বছরের এসএসসি পরীক্ষার উত্তরপত্র পুনর্নিরীক্ষণে ৩৫৬ শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে ফেল থেকে নতুন করে পাস করেছে ১৫৫ জন। গ্রেড বদলে জিপিএ ৫ অর্জন করেছে ৩৭ জন।

গতকাল শনিবার সকালে কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এ ফল প্রকাশিত হয়। বিষয়টি নিশ্চিত করে কুমিল্লা শিক্ষা বোর্ডের উপপরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) মোহাম্মদ শহিদুল ইসলাম বলেন, ‘এ বছরের এসএসসি পরীক্ষার্থীদের মধ্যে ১২ হাজার ৩৮ জন ১৮ বিষয়ে ২৩ হাজার ১০৩টি উত্তরপত্র পুনর্নিরীক্ষণের জন্য অনলাইনে আবেদন করে। এর মধ্যে ৩৫৬ জনের ফল পরিবর্তন হয়ে ৩৭ জন জিপিএ ৫ অর্জন করেছে। এ ছাড়া ১৫৫ জন ফেল থেকে নতুন করে পাস করেছে। বিভিন্ন বিভাগে ১৬৪ জনের গ্রেড পরিবর্তন হয়েছে।’

কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. জামাল নাছের বলেন, ‘পুনর্নিরীক্ষণ নীতিমালা অনুযায়ী আবেদন করা উত্তরপত্রগুলো যাচাই-বাছাই শেষে ফল প্রকাশিত হয়েছে। ফল পরিবর্তন হওয়া শিক্ষার্থীরা ২৬ ডিসেম্বর কলেজে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে

পারবে। ২৮ নভেম্বর এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়। ২৯ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে শিক্ষার্থীরা উত্তরপত্র পুনর্নিরীক্ষণের জন্য আবেদন করে।’

কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর ও ফেনী জেলা নিয়ে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড গঠিত। চলতি বছর ওই ছয় জেলার এক হাজার ৭৭৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের এক লাখ

৮৬ হাজার ৭৭৫ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ছাত্র ছিল ৮০ হাজার ৮১০ জন এবং ছাত্রী এক লাখ পাঁচ হাজার ৯৬৫ জন। ২৮ নভেম্বর এসএসসি পরীক্ষার প্রকাশিত ফলাফলে দেখা যায়, পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এক লাখ ৭০ হাজার ৪৮৪ শিক্ষার্থী। এর মধ্যে ৭৩ হাজার ৯৯৩ জন ছাত্র এবং ৯৬ হাজার ৪৯১ জন ছাত্রী। পাসের হার ৯১.২৮ শতাংশ।

Print

প্রধান সম্পাদক : ইমদাদুল হক মিলন; সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী,
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ,
ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯
ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয়
বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।

পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন :

৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com